

এইচএসসি পরীক্ষা শুরু খণ্ড ৬ নভেম্বর

: সোমবার, ১২ সেপ্টেম্বর ২০২২



ছবি: সংগৃহীত

২০২২ সালের উচ্চ মাধ্যমিক (এইচএসসি) পরীক্ষা আগামী ৬ নভেম্বর
শুরু হবে।

আজ সোমবার গুরুত্বপূর্ণ এই পাবলিক পরীক্ষার সূচি প্রকাশ করেছে
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড।

সূচি অনুযায়ী এইচএসসির তত্ত্বায় পরীক্ষা শেষ হবে ১৩ ডিসেম্বর। আর ১৫ ডিসেম্বর শুরু হবে ব্যবহারিক পরীক্ষা।

সব পরীক্ষা হবে ২ ঘণ্টার। এর মধ্যে বহুনির্বাচনী প্রশ্নের জন্য ২০ মিনিট এবং সৃজনশীল বা রচনামূলকের জন্য ১ ঘণ্টা ৪০ মিনিট সময় পাবে পরীক্ষার্থীরা।

সূচিতে আরও জানানো হয়, দুই ধরনের প্রশ্নের মাঝে কোনো বিরতি থাকবে না।

প্রথমে বহুনির্বাচনী এবং পরে সৃজনশীল বা রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে।

পরীক্ষা শুরুর অন্তত ৩০ মিনিট আগে পরীক্ষার্থীদের আসন গ্রহণ করতে হবে।

আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির আহ্বায়ক ও ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক মো. আবুল বাশারের সহী করা সূচিতে এসব তথ্য জানা গেছে।

